



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2026

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন যে ইন্টারন্যাশনাল হলোকাস্ট রিমেমব্রেন্স ডে-এর স্বীকৃতিতে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করা হবে

27 জানুয়ারি সন্ধ্যায় 16টি ল্যান্ডমার্ককে হলুদ আলোয় আলোকিত করা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, ইন্টারন্যাশনাল হলোকাস্ট রিমেমব্রেন্স ডে (International Holocaust Remembrance Day) এবং হোলোকাস্টের সময় নিহত ছয় মিলিয়ন ইহুদির সম্মানে আজ মঙ্গলবার, 27 জানুয়ারি সন্ধ্যায় নিউ ইয়র্ক স্টেট জুড়ে 16টি গুরুত্বপূর্ণ স্থাপনা বা ল্যান্ডমার্ক হলুদ আলোয় আলোকিত করা হবে।

“এই হলোকাস্ট রিমেমব্রেন্স ডে-তে, আমরা সেই ছয় মিলিয়ন ইহুদির জীবনের কথা স্মরণ করছি, যাদের আজ থেকে প্রায় 80 বছর আগে নাৎসি বাহিনী হত্যা করেছিল,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “আজ, আমি নিউ ইয়র্কবাসীদের প্রতি আহ্বান জানাচ্ছি তারা যেন আমার সাথে যোগ দিয়ে—বিদ্বেষের বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে, বিভেদ ও মেরুকরণ নিরসনে কাজ করে এবং নিউ ইয়র্ক ও এর বাইরেও ইহুদি-বিদ্বেষ নির্মূল করার প্রচেষ্টার মাধ্যমে আমাদের মাঝ থেকে হারিয়ে যাওয়া ব্যক্তিদের সম্মান জানান।”

ইন্টারন্যাশনাল হলোকাস্ট রিমেমব্রেন্স ডে-এর সম্মানে এই 16টি ল্যান্ডমার্ককে আলোকিত করা হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Governor Mario M. Cuomo Bridge)
- কোসিউস্কো ব্রিজ (Kosciuszko Bridge)
- দ্য এইচ. কার্ল ম্যাককল SUNY ভবন (The H. Carl McCall SUNY Building)
- স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস – মেন গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds – Main Gate & Expo Center)
- ন্যাগারা ফলস (Niagara Falls)
- ফ্র্যাঙ্কলিন ডি রুজভেল্ট মিড হাডসন ব্রিজ (The Franklin D. Roosevelt Mid-Hudson Bridge)

- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কোয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal - Pershing Square Viaduct)
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে
- MTA LIRR - পেন স্টেশনের ইস্ট ইন্ড গেটওয়ে
- ইরি ক্যানালের (Erie Canal) উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- ময়নিহ্যান ট্রেন হল
- রুজভেল্ট আইল্যান্ড লাইটহাউস

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)